

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৭৭

আগরতলা, ১৯ নভেম্বর, ২০২৪

রাবার বোর্ডের আঞ্চলিক অফিস পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ সকালে আগরতলাস্থিত রাবার বোর্ডের আঞ্চলিক অফিস পরিদর্শন করেন। রাজ্যপাল সেখানে গিয়ে পৌঁছালে যুগ্ম রাবার প্রোডাকশন কমিশনার শৈলজা কে রাজ্যপালকে স্বাগত জানান। রাবার বোর্ডের ডেভেলপমেন্ট অফিসার অরুণাভ মজুমদার রাবার বোর্ডের বিভিন্ন কর্মসূচি সম্পর্কে রাজ্যপালকে অবহিত করেন। এবিষয়ে রাজ্যপালকে একটি তথ্যচিত্রও দেখানো হয়।

এরপর রাজ্যপাল রাবার বোর্ডের এক্সিভিশন হল, রিজিওন্যাল রিসার্চ স্টেশন, সয়েল অ্যানালাইসিস ল্যাবরেটরি প্রভৃতি পরিদর্শন করেন। পরে সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে রাজ্যপাল জানান, কেরালার পরে ত্রিপুরা হল দেশের দ্বিতীয় সর্বোচ্চ রাবার উৎপাদনকারী রাজ্য। ত্রিপুরার গ্রামীণ অর্থনীতির উন্নতিতে রাবারের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। রাবার বোর্ড থেকে রাজ্যের রাবার চাষিদের উন্নতমানের রাবার গাছের চারা বিতরণ করা হয়। তারা রাবার চাষিদের প্রশিক্ষণের ব্যবস্থাও করছে। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
